



স্মারক নং বসমক/প্রশাঃ০১/২০২৬/৮০

তারিখ: ০৮/০৮/২০২৬ খ্রি.

ক্যান্টিন ভাড়া দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৫-২০২৬

এতদ্বারা সকল শ্রেণির ঠিকাদার/ঠিকাদার প্রতিষ্ঠান/ব্যবসায়ী ও দরপত্র প্রক্রিয়ায় অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজের সামনের দেয়ালের দক্ষিণ-পশ্চিম কোণে অবস্থিত ক্যান্টিন ভাড়ার জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। ক্যান্টিন ভাড়ার দরপত্র আগামী ২২/০৮/২০২৬ খ্রি. তারিখ দুপুর ২:০০ পর্যন্ত গৃহীত হবে এবং একই তারিখ (২২/০৮/২০২৬ খ্রি.) বিকাল ৩:০০ ঘটিকার সময় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি উপস্থিত থাকেন) খোলা হবে।

ভাড়াদানকৃত স্থাপনার নাম ও অবস্থান	বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ ক্যান্টিন যা কলেজের সামনের দেয়ালের দক্ষিণ-পশ্চিম কোণে অবস্থিত
------------------------------------	---

১। দরপত্রের শর্ত ও নিয়মাবলি সম্বলিত সিডিউল নিম্নলিখিত স্থানসমূহ হতে আগামী ২১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন ৩,০০০/- (তিন হাজার) টাকা নগদমূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

২। দরপত্র গ্রহণের স্থানঃ

অধ্যক্ষের কার্যালয়, বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল।

৩। জামানত বাংলাদেশের যেকোন তফসিলী ব্যাংক হতে অধ্যক্ষ, বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল -এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ক্যান্টিন ভাড়ার দরপত্রের সাথে জমা দিতে হবে।

৪। ক্যান্টিন ভাড়ার দরপত্রে অংশগ্রহণকারীকে কথায় ও অংকে মাসিক ভাড়া উল্লেখ করতে হবে।

৫। নিম্ন বর্ণিত কারণে ক্যান্টিন ভাড়ার দরপত্র বাতিল বলে গণ্য হবে।

ক) যদি ক্যান্টিন ভাড়া দরপত্রে অংশগ্রহণকারী কথায় ও অংকে মোট মূল্য উল্লেখ না করেন।

খ) যদি ক্যান্টিন ভাড়া দরপত্র সিডিউলে দরপত্র দাতার জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর না করেন।

গ) যদি উক্ত দরে অসামঞ্জস্য/ঘষা-মাজা/ অস্পষ্টতা থাকে এবং দর সংশোধনীতে ভাড়ার দরপত্র দাতার স্বাক্ষর না থাকে।

ঘ) যদি শর্তানুযায়ী জামানতের ফেরতযোগ্য টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে জমা না করেন।

ঙ) যদি ক্যান্টিন ভাড়া দরপত্র দাতা অতিরিক্ত কোন শর্ত আরোপ করেন।

চ) যদি দরপত্রের সহিত হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স/ভালিকাভুক্তি বই/ড্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট/টিন সার্টিফিকেট/আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত না থাকে।

৬। দরপত্রের জামানত বাবদ ২৫,০০০ টাকা (পঁচিশ হাজার টাকা) ফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।

৭। ক্যান্টিন ভাড়া দরপত্র বিজ্ঞপ্তি বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ওয়েবসাইট www.bgmsc.edu.bd এ বিস্তারিত পাওয়া যাবে।

৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ক্যান্টিন ভাড়ার দরপত্র বাতিল/সময় বৃদ্ধি/সময় হ্রাস করার ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রফেসর তপন কুমার সাহা

অধ্যক্ষ

বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ